কিছু উদাহরণ:

আপনি আপনার চাকরিতে সবসময়ই সন্তোষজনক পর্যালোচনা ও বেতনবৃদ্ধি পেয়েছেন। আপনি আপনার বস্‌কে জানালেন যে আপনি গর্ভবতী এবং চাকরিতে নেতিবাচক পর্যালোচনা পেতে শুরু করলেন এবং আপনাকে নজরবন্দী করা হল। আপনি মনে করেন যে এটা আপনার গর্ভাবস্থার কারণেই হয়েছে। আপনার বিকল্পগুলি কী কী?

আপনি আপনার চাকরির নেতিবাচক পর্যালোচনা ও নজরবন্দী থাকা আপনার গর্ভাবস্থা প্রকাশের ভিত্তিতে করা হয়েছে বলে মনে করলে আপনি মানবাধিকার শাখায় একটি অভিযোগ দায়ের করতে পারেন।

আপনি সন্তানের জন্মের পর কাজে ফিরে এলেন ও আবিষ্কার করলেন যে আপনার পদটি পূরণ করা হয়েছে। আপনি আগে যে পদে ছিলেন আপনাকে তার চেয়ে নিম্নতর কোনও পদের প্রস্তাব দেওয়া হল। আপনার অধিকারগুলি কী কী?

আপনার নিয়োগকর্তার গর্ভাবস্থা ছাড়া অন্য কোনও কারণে ছুটিতে যাওয়া কর্মচারীদের পদ ধরে রাখার নীতি থাকলে মানবাধিকার আইনে আপনার নিয়োগকর্তার আপনার সঙ্গেও অনুরূপ আচরণ করার প্রয়োজন হবে। আপনার গর্ভাবস্থার সঙ্গে যুক্তিসঙ্গতভাবে মানিয়ে নেওয়ার ক্ষেত্রে আপনার নিজের আগেকার পদের উপর অধিকার থাকতে পারে, কারণ মানবাধিকার আইনের অধীনে আরোগ্যকালীন ছুটিকে সাধারণভাবে একটি সাময়িক প্রতিবন্ধকতার সঙ্গে যুক্তিসঙ্গতভাবে মানিয়ে নেওয়া বলে বিবেচনা করা হয়।

আপনি আপনার গর্ভাবস্থার সপ্তম মাসে প্রবেশ করেছেন এবং আপনার নিয়োগকর্তা আপনাকে মাতৃত্বকালীন ছুটি নেওয়ার জন্য চাপ দিচ্ছেন। আপনি কাজ করা চালিয়ে যেতে চান ও তা করতে স্বচ্ছন্দ বোধ করছেন। আপনার কি মাতৃত্বকালীন ছুটি নেওয়া আবশ্যক?

যতক্ষণ না একজন কর্মচারী চাকরির সঙ্গে সংশ্লিষ্ট ক্রিয়াকলাপ যুক্তিসঙ্গতভাবে সম্পাদনে অক্ষম হচ্ছেন, ততক্ষণ নিয়োগকর্তাদের একজন গর্ভবতী কর্মীকে মাতৃত্বকালীন ছুটি নিতে বাধ্য করা নিষিদ্ধ। যুক্তিসঙ্গতভাবে মানিয়ে নেওয়া আপনার কাজ করা চালিয়ে যাওয়ার অনুমতি দেয় কিনা নিয়োগকর্তার তা বিবেচনা করার বাধ্যবাধকতা রয়েছে।

কীভাবে অভিযোগ দায়ের করতে হয়

যদি আপনি বিশ্বাস করেন যে আপনার বিরুদ্ধে বৈষম্যই করা হয়েছে, তাহলে আপনি নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার কমিশন বিভাগেরকাছে অভিযোগ দায়ের করতে পারেন।

চারজন বা তার বেশি কর্মী আছে এমন নিয়োগকর্তারা নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার আইনের আওতাভুক্ত। অভিযোগে বর্ণিত বৈষম্যমূলক কাজটির এক বছরের ভিতরেবিভাগের কাছে অভিযোগটি জমা দিতে হবে।

অভিযোগ দায়ের করার জন্য:

- বিভাগের ওয়েবসাইট WWW.DHR.NY.GOV এ যান এবং একটি অভিযোগের ফর্ম ডাউনলোড করুন। সম্পূর্ণ করা অভিযোগগুলি অবশ্যই একজন নোটারির সামনে স্বাক্ষর করতে হবে এবং বিভাগের কাছে ফেরত দিতে হবে (ডাকযোগে, ফ্যাক্স দ্বারা বা সশরীরে)।
- ব্যক্তিগতভাবে বিভাগের অফিসে যান।
- অভিযোগের ফর্ম পাওয়াএবং/অথবা অভিযোগ দায়ের করার ক্ষেত্রে অন্যান্য সহায়তার জন্য বিভাগের কোনো একটি অফিসের সঙ্গে টেলিফোনে বা ডাকযোগে যোগাযোগ করুন।

আরো তথ্যের জন্য, অথবা আপনার বাড়ি বা কর্মনিয়োগের স্থানের সবচেয়ে কাছের আঞ্চলিক অফিসটি খুঁজে পাওয়ার জন্য, আমাদের ওয়েবসাইট দেখুন: **WWW.DHR.NY.GOV.**

NEW YORK STATE | Division of Human Rights

কর্মস্থলে গর্ভাবস্থা সংক্রান্ত বৈষম্য

ONE FORDHAM PLAZA
BRONX, NEW YORK 10458
1-888-392-3644
TTY: 718-741-8300
WWW.DHR.NY.GOV

Bengali—Pregnancy Discrimination in the Workplace

আপনি কি গর্ভবতী ও চাকরি করছেন?

নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার আইনের অধীনে গর্ভাবস্থা সংক্রান্ত বৈষম্য একটি পারিবারিক স্থিতি সম্পর্কিত বৈষম্য। গর্ভাবস্থা সংক্রান্ত বৈষম্যকে এক ধরনের লিঙ্গবৈষম্য বলেও ধরা হয়। গর্ভাবস্থা বা সন্তানপ্রসব সংক্রান্ত স্বাস্থ্যের অবস্থার (যাকে "গর্ভাবস্থা সংক্রান্ত অবস্থা" বলে উল্লেখ করা হয়) সঙ্গে যুক্তিসঙ্গতভাবে মানিয়ে নেওয়া প্রত্যাখ্যান করাও বেআইনি।

একজন কর্মচারী বা আবেদনকারীকে গর্ভবতী হওয়ার কারণে অথবা গর্ভাবস্থা সংক্রান্ত কারণে বরখাস্ত করা বা নিয়োগ করতে অস্বীকার করা অথবা গর্ভাবস্থা বা সন্তানপ্রসবের কারণে চাকরির নিয়ম, শর্তাবলী ও সুবিধাসমূহ সংক্রান্ত বৈষম্য প্রদর্শন করা এই আইনের বিরোধী।

মানবাধিকার আইনে নিয়োগকর্তার দ্বারা কোনও গর্ভবতী কর্মীকে মাতৃত্বকালীন ছুটি নিতে বাধ্য করার থেকে নিষিদ্ধ করা হয়, যদি না সেই কর্মচারী গর্ভাবস্থার দ্বারা যুক্তিসঙ্গত উপায়ে তার চাকরির সঙ্গে জড়িত অত্যাবশ্যক ক্রিয়াকলাপ সম্পাদনের থেকে বিরত হন।

গর্ভাবস্থা চলাকালীন কোনও কর্মচারী গর্ভাবস্থা সংক্রান্ত অবস্থার কারণে কাজে অনুপস্থিত হলে ও সেরে উঠলে তিনি শারীরিকভাবে কাজে ফেরত আসতে সক্ষম হলে তার নিয়োগকর্তার সন্তানের জন্মের আগে পর্যন্ত তাকে ছুটিতে রাখার প্রয়োজন নাও হতে পারে।

একজন গর্ভবতী কর্মচারীর জন্য, যিনি কাজ করতে থাকছেন বা কাজে ফেরত আসছেন, নিয়োগকর্তার কেবলমাত্র কাজ করার সক্ষমতার মতো স্বাস্থ্যের নথিপত্রের প্রয়োজন হবে, যেমনটা অপর কর্মচারীদের ক্ষেত্রে হয়।

একজন গর্ভবতী কর্মচারীর সঙ্গে সাময়িক প্রতিবন্ধকতা সহ অপর ব্যক্তিদের চেয়ে ভিন্ন রকম আচরণ করা যাবে না এবং তাদের একই রকম আনুষঙ্গিক সুবিধা পাওয়া আবশ্যক (যেমন, প্রবীণত্বের জন্য বেতন বৃদ্ধি, অসুস্থতার ছুটি ও চিকিৎসার কভারেজ) যেমনটা গর্ভাবস্থা সংক্রান্ত নয় এমন প্রতিবন্ধকতা সহ কাজ করতে না পারা কর্মচারীরা পেয়ে থাকেন।

নিয়োগকর্তার কোনও গর্ভাবস্থা সংক্রান্ত অবস্থা সহ কর্মচারীকে যুক্তিসঙ্গত উপায়ে তার কাজ সম্পাদন করতে সক্ষম করতে যুক্তিসঙ্গতভাবে মানিয়ে নেওয়ার কথা বিবেচনা করা আবশ্যক। একজন নিয়োগকর্তার গর্ভাবস্থা সংক্রান্ত অবস্থার দ্বারা আরোপিত সীমাবদ্ধতার স্বাস্থ্য-সংক্রান্ত নথিপত্রের প্রয়োজন হতে পারে।

এই আইনে নিয়োগকর্তার গর্ভাবস্থাকে অন্য সকল স্বল্পমেয়াদী প্রতিবন্ধকতার (যেমন, পা ভাঙা, হার্ট অ্যাটাক, ইত্যাদি) মতো আচরণ করার স্বাস্থ্য ও প্রতিবন্ধকতা বিমা পরিকল্পনা থাকার প্রয়োজন। নিয়োগকর্তাদের প্রদান করা স্বাস্থ্যবিমায় গর্ভাবস্থার চিকিৎসার খরচ ঠিক ততটাই আওতায় থাকা আবশ্যক যতটা তা অন্যান্য চিকিৎসার খরচকে আওতায় আনে।

নিয়োগকর্তাদের গর্ভাবস্থা বা সন্তানপ্রসবের কারণে অনুপস্থিত মহিলাদের জন্য পদ ধরে রাখার প্রয়োজন হয়, যতক্ষণ তারা অন্যান্য কারণে ছুটি নেওয়া কর্মচারীদের জন্যও তা হচ্ছে। সাময়িক প্রতিবন্ধকতার জন্য সেরে ওঠার সময়কে সাধারণভাবে যুক্তিসঙ্গতভাবে মানিয়ে নেওয়া বলে ধরা হয়। জমা হওয়া অসুস্থতার ছুটি ও প্রযোজ্য অবকাশের ছুটিকে একজন গর্ভবতী কর্মী যে সময়কালে কাজ করতে পারছেন না তাকে আওতাভুক্ত করার জন্য ব্যবহার করা যেতে পারে।

আপনার যুক্তরাষ্ট্রীয় পারিবারিক ও চিকিৎসার ছুটির আইনের অধীনে প্রতিবন্ধকতার ও সন্তান পরিচর্যার ছুটির অধিকারও থাকতে পারে।

অভিযোগ দায়ের করার জন্য প্রতিশোধ নেওয়া বেআইনি

মানবাধিকার আইনে নিয়োগকর্তাকে কোনও কর্মচারীর বিরুদ্ধে নিয়োগকর্তার কাছে বৈষম্যের অভিযোগ দায়ের করার অথবা অন্যথায় চাকরিতে বৈষম্যমূলক রীতির বিরোধিতা করার কারণে প্রতিশোধ নেওয়ার থেকে নিষিদ্ধ করা হয়।

শাখার কাছে অভিযোগ দায়ের করার পরে অভিযোগটি বকেয়া থাকার সময় অথবা পরে অন্য কোনও সময়ও প্রতিশোধ নেওয়া নিষিদ্ধ।

প্রতিশোধের দাবি পৃথক ও স্বতন্ত্র অভিযোগ হিসেবে দায়ের করা ও বিচার করা যায়।